

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৫৩৩.২০১৭ / ২৬৬৪

তারিখ ১৮ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ
১ জানুয়ারী ২০১৮ খ্রিষ্টাব্দ


বিষয়ঃ রীট পিটিশন নং-১৭৩৮৯/২০১৭ [পিটিশনার মোঃ আমির কুদরত-ই-এলাহী খান পিতা-মৃত আমির আলী খান, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল। বনাম সরকার ও অন্যান্য] এর দফাওয়ারী জবাব প্রেরণ প্রসঙ্গে।

সূত্রঃ সহকারী রেজিস্ট্রার, হাইকোর্ট বিভাগ হতে ৭.১২.২০১৭ খ্রিঃ তারিখে প্রেরিত কলের কপি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, টাঙ্গাইল শহরের প্রাণকেন্দ্রে অবস্থিত কান্দারপাড়া মৌজায় স্থাপিত পতিতালয়টি স্থানান্তরিত করে পতিতাদের পুনর্বাসন করার দাবীতে মন্ত্রিপরিষদ সচিবসহ ১৩ (তের) জনকে প্রতিপক্ষ করে এই রীটটি দায়ের করা হয়েছে। হাইকোর্ট বিভাগ শুনানী অন্তে তর্কিত পতিতালয়টি স্থানান্তরিত করে পতিতাদের পুনর্বাসন করার আদেশ প্রদান কেন দেয়া হবে না সে মর্মে প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দিয়েছেন। মোকদ্দমার অপরাপর প্রতিপক্ষ হলেন-যথাক্রমে (১) সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়; (২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়; (৩) সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়; (৪) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়; (৫) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়সহ মোট ১৩ জন। রীট পিটিশন নং ১৭৩৮৯/২০১৭ এ প্রতিদ্বন্দ্বিতার জন্য দফাওয়ারী জবাব আবশ্যিক।

২। এমতাবস্থায়, রীট আরজি'র আলোকে ঘটনার প্রকৃত বিবরণীসহ দফাওয়ারী জবাব, প্রতিপক্ষের বক্তব্য ও আনুষঙ্গিক কাগজপত্রাদি সত্যায়িত সহকারে ২ (দুই) সেট নিম্নমাক্ষরকারী বরাবরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্ত : ----- ফর্দ।


০২.০১.১৮
(মুহাম্মদ আনোয়ার পাশা)
উপসচিব

☎ ৯৫৪০৯৯৫
E mail: dslaw1.lgd.gov@gmail.com

১. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
২. মেয়র, টাঙ্গাইল পৌরসভা, টাঙ্গাইল।

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সচিবের একান্ত সচিব, সমাজ কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৫। সচিবের একান্ত সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ৭। উপসচিব (পৌর-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৮। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৯। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।
- ১০। অফিস কপি/মাষ্টার কপি।